

বিভাগীয় কমিশনার, বরিশাল
ডক্ট নং ৪২৭
তারিখ: ৩১ জানু ২০২১
ডিএলসি
পিএস
বিভাগীয় কমিশনার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
(ভূমি অধিগ্রহণ শাখা)
www.pirojpur.gov.bd

গণবিজ্ঞপ্তি

SAC (R)

২৮/১২/২০

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিবাহী প্রকৌশলী এলজিইডি, পিরোজপুর, এর নিকট হতে গত ২১-০৯-২০২০ খ্রি.তারিখের পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় পিরোজপুর সদর ও নেছারাবাদ উপজেলাধীন জগন্নাথকাঠী - চাঁদকাঠী জিসি সড়কে ১৫৩৫০ মিটার চেইনেজে কালিগঙ্গা নদীর উপর ৬০০ মিটার পিএসসি গার্ডার ব্রিজ নির্মাণ কাজের জন্য কলাখালী ও চাঁদকাঠী মৌজায় ১১.৩৬৮৮ একর জমি অধিগ্রহণের প্রস্তাব দাখিল করেন। উক্ত প্রস্তাব যাচাইঅন্তে ০১/২০২০ - ২০২১ নম্বর এলএ কেস রুজু করা হয়। প্রকল্পের প্রশাসনিক অনুমোদন পত্রে জমির পরিমাণ ৫০(পঞ্চাশ) বিঘার (১৬.৫০ একর) নিম্নে বিধায় "স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন-২০১৭" এর ৫(৩) ও ৬(২) ধারা মোতাবেক আলোচ্য কেসটি জেলা প্রশাসক, পিরোজপুর কর্তৃক গত ২৭-১২-২০২০ তারিখে চূড়ান্তভাবে অনুমোদিত হয়।

এমতাবস্থায়, ভূমি মন্ত্রণালয়ের অধিগ্রহণ শাখা-১ হতে ১০-১২-২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪২.০৪.০০১. ১৭(অংশ-১)-৪৫৪ নম্বর স্মারকে "স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন-২০১৭" বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনাবলীর ১২ নম্বর অনুচ্ছেদ মোতাবেক প্রস্তুতকৃত যৌথ তালিকায় (ফিল্ডবুক) কোন আপত্তি থাকলে গণবিজ্ঞপ্তি জারির ০৭(সাত)কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনার, বরিশাল/ জেলা প্রশাসক, পিরোজপুর -এর বরাবর লিখিত আপত্তি দাখিলের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত আপত্তি বাতিল মর্মে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

আবু আলী মো: সাজ্জাদ হোসেন

জেলা প্রশাসক

পিরোজপুর

টেলিফোন: ০৪৬১-৬২৪০০

E-mail : dcpirojpur@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.৭৯০০.০১৪.১৪.০৬৪.২১ - ৩১

তারিখ: ২৪ জানুয়ারি ২০২১
১০ মাঘ ১৪২৭

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। বিভাগীয় কমিশনার, বরিশাল। এক সেট যৌথ তদন্ত (ফিল্ডবুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা মহোদয়ের কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বনিম্ন অনুরোধ করা হলো।
- ০২। নিবাহী প্রকৌশলী এলজিইডি, পিরোজপুর
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার পিরোজপুর সদর/নেছারাবাদ, পিরোজপুর
- ০৪। সহকারী কমিশনার (ভূমি) পিরোজপুর সদর/নেছারাবাদ, পিরোজপুর
- ০৫। সহকারী প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
- ০৬। চেয়ারম্যান, কলাখালী/গুয়ারেখা ইউনিয়ন পরিষদ, পিরোজপুর সদর / নেছারাবাদ, পিরোজপুর এক সেট যৌথ তদন্ত (ফিল্ডবুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কলাখালী/ গুয়ারেখা ইউনিয়ন ভূমি অফিস, পিরোজপুর
- ০৮। নোটিশ বোর্ড
- ০৯। মাস্টার ফাইল/ অফিস কপি

এক সেট যৌথ তদন্ত (ফিল্ডবুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে, প্রকল্পের নিকটবর্তী সুবিধাজনক স্থানে ও ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এক সেট যৌথ তদন্ত (ফিল্ডবুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা জেলা প্রশাসক, পিরোজপুর-এর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এক সেট যৌথ তদন্ত (ফিল্ডবুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। বিজ্ঞপ্তিসহ উহা নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৪/০১/২০২১
জেলা প্রশাসক
পিরোজপুর